কালের কণ্ঠ

তারিখ : 09 JAN 2018
পৃষ্ঠা ... ২ ... কলাম ... ৫ ...

# ইবতেদায়ি মাদরাসা শিক্ষকরা আজ অনশন শুরু করবেন

নিজস্ব প্রতিবেদক ▷

জাতীয়করণের দাবিতে আজ মঙ্গলবার থেকে আমরন অনশন শুরু করবেন ইবতেদায়ি মাদরাসার শিক্ষকরা। এরই মধ্যে দাবি আদায়ে গত ১ জানুয়ারি থেকে জাতীয় প্রেস ক্লাবের সামনে বাংলাদেশ স্বতন্ত্র ইবতেদায়ি মাদরাসা শিক্ষক সমিতির ব্যানারে অবস্থান কর্মসূচি পালন করেছেন তাঁরা। কিন্তু গত আট দিনেও সরকারের পক্ষ থেকে কোনো সাড়া না পাওয়ায় তাঁরা আজ থেকে অনশন কর্মসূচি পালনের সিদ্ধান্ত নিয়েছেন।

সমিতির সভাপতি কাজী রুহুল আমিন চৌধুরী বলেন, 'তীব্র শীতের মধ্যে একটানা আট দিন ধরে আমরা অবস্থান কর্মসূচি পালন করেছি। কারিগরি ও মাদরাসা শিক্ষা বিভাগের প্রতিমন্ত্রীর কাছে আমরা স্মারকলিপিও প্রদান করেছি। কিন্তু কেউ আমাদের খোঁজ নেয়নি। আমাদেরকে মানুষ বলেই গণ্য করা হচ্ছে না। তবে আমরা দাবি আদায় না করে বাড়ি ফিরে যাব না। তাই আমরা অনশন শুরু করার সিদ্ধান্ত নিয়েছি।'

শিক্ষকরা জানান, ১৯৯৪ সালে এক পরিপত্রের মাধ্যমে রেজিস্টার্ড বেসরকারি প্রাইমারি বিদ্যালয় ও স্বতন্ত্র ইবতেদায়ি মাদরাসা শিক্ষকদের বেতন-ভাতা ৫০০ টাকা নির্ধারণ করা হয়।

ব্যানবেইস
পরিচালকের কার্যালয়
প্রাপ্তি নং ..............................
তারিখ ..............................

| | |
|---|---|
| পরিসংখ্যান বিভাগ | |
| ডি.এস.সি বিভাগ | |
| সিস্টেম ম্যানেজার | |
| সিনিয়র সিস্টেম এনালিস্ট | |
| প্রশাসনিক কর্মকর্তা | |
| পি.এ. | |

কার্যার্থে/অবগত্যর্থে
স্বাক্ষর